

# কেশোরকালীন মানসিক স্বাস্থ্য



Directorate General of Family Planning  
National Population and Health Sector Strategic Plan (NPHSSP)



Kingdom of the Netherlands



## কৈশোরকালীন মানসিক স্বাস্থ্য

### মানসিক স্বাস্থ্য কী?

মানসিক স্বাস্থ্য বলতে বুঝায়, মনের এমন একটা সাম্যাবস্থা যখন প্রতিটি ব্যক্তি তার নিজের সম্ভাবনা উপলব্ধি করতে পারে, জীবনের সাধারণ চাপের সাথে মানিয়ে চলতে পারে, উৎপাদনশীল ও ফলপ্রসূভাবে কাজ করতে পারে এবং নিজের বা সমাজের জন্য অবদান রাখতে সক্ষম হয়।

কিশোর-কিশোরীরা যাতে তাদের মানসিক পরিবর্তনসমূহের সাথে সহজে খাপ খাওয়াতে পারে, সেজন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি নেয়া যেতে পারে-

| পরিবারিক সহায়তা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             | প্রাতিষ্ঠানিক সহায়তা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                              | বন্ধু ও সহযোগীদের সহায়তা                                                                                                                                                                                                                                                              |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <ul style="list-style-type: none"> <li>কৈশোরকালীন মানসিক স্বাস্থ্য রক্ষায় বাবা-মার ভূমিকা সবচেয়ে বেশি। কেননা সংসারের যেকোনো দাম্পত্য কলহ বা মূল্যবোধের অবক্ষয়ের কারণে পরিবারের কিশোর-কিশোরীটিই সবচেয়ে বেশি ভেঙে পড়ে। কাজেই তার সামনে দাম্পত্য কলহ থেকে দূরে থাকতে হবে।</li> <li>বন্ধুত্বপূর্ণ আচরণের মাধ্যমে পরিবারিক সুসম্পর্ক তৈরী করা; তাহলে কিশোর-কিশোরীরা সমস্যায় পরিবারের সদস্যদের সাহায্য নিতে পারে।</li> <li>যে কোনো ইতিবাচক কাজের ব্যাপারে তাকে উৎসাহিত ও সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করতে হবে। কৈশোরকালীন যেকোনো সমস্যা মনোযোগ দিয়ে শুনতে হবে এবং তার সমাধান দিতে হবে।</li> <li>মা-বাবা, অভিভাবক বা পরিবার মানসিক পরিবর্তনসমূহ সম্পর্কে কিশোর-কিশোরীদের জানাতে পারেন। সেক্ষেত্রে কোন ভুল তথ্য যাতে তাদের কাছে না যায় তা নিশ্চিত করতে হবে।</li> <li>ছোটবেলা থেকে পরিবারে কিশোর-কিশোরীদের মূল্যবোধ ও নৈতিকতা শিক্ষা দিতে হবে।</li> <li>ইতিবাচক কাজের (সেবামূলক/উন্নয়নমূলক/সাংস্কৃতিক/ক্রীড়া/সামাজিক) সাথে সম্পৃক্ত হতে উৎসাহ দেয়া বা তাকে সত্ত্বিয় রাখা।</li> <li>পারিবারিকভাবে একত্রে সময় কাটানোর পরিবেশ তৈরী করা বা তাকে নিয়ে বেড়াতে যাওয়া।</li> <li>প্রয়োজনে তাকে কৈশোরবান্ধব স্বাস্থ্যসেবা কেন্দ্রে নিয়ে যাওয়া।</li> <li>বই পড়তে উৎসাহিত করা।</li> <li>পরিবারে ধর্মীয় অনুশাসনের চর্চা অব্যাহত রাখা।</li> </ul> | <ul style="list-style-type: none"> <li>ছাত্র-ছাত্রীদের সাথে বন্ধুত্বপূর্ণ আচরণ করা</li> <li>বিদ্যালয়ে শিক্ষাদানের পাশাপাশি কিশোর-কিশোরীদের নৈতিকতা ও সামাজিক মূল্যবোধ বিষয়ে চর্চা করানো</li> <li>প্রজনন স্বাস্থ্য বিষয়ে খোলাখুলি আলোচনা করা ও পরামর্শ প্রদান</li> <li>স্জনশীল কাজে উৎসাহ প্রদান করা</li> <li>ছাত্র-ছাত্রীরা যাতে হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখা</li> <li>প্রশিক্ষিত শিক্ষক ও স্বাস্থ্যসেবা প্রদানকারীগণ কিশোর-কিশোরীদের বিষয়ভিত্তিক তথ্য (মানসিক পরিবর্তন, মৌনতা ইত্যাদি) জানাতে পারেন যাতে তারা সঠিকভাবে চলতে পারে।</li> <li>কিশোর-কিশোরীদের জীবন দক্ষতা শিক্ষা দিতে হবে যা ব্যবহার করে তাদের জীবনকে সুন্দর করে গড়ে তুলতে পারে।</li> <li>ইতিবাচক কাজের (সেবামূলক/উন্নয়নমূলক/সাংস্কৃতিক/ক্রীড়া/সামাজিক) সাথে সম্পৃক্ত হওয়ার সুযোগ দেয়া যা তাদের আত্মবিশ্বাস ও অভিজ্ঞতা বাড়ায় এবং নেতৃত্বাচক কর্মকাণ্ড থেকে তাদের দূরে সরিয়ে রাখে।</li> </ul> | <ul style="list-style-type: none"> <li>ভাল বন্ধু ও সহযোগী পেলে কিশোর-কিশোরীরা অনেকভাবে উপকৃত হতে পারে। যেমন- নেতৃত্বের বিকাশ ও সুপ্ত প্রতিভার বিকাশ হয় এবং স্জনশীলতা বৃদ্ধি পায়।</li> <li>দল ও সামাজিক কাজের সাথে যুক্ত থাকলে কিশোর-কিশোরীরা ইতিবাচক দৃষ্টিভঙ্গী লাভ করে।</li> </ul> |

**মনে রাখতে হবে- কৈশোরকালীন শারীরিক সুস্থতার পাশাপাশি মানসিক স্বাস্থ্যও ভালো থাকা চাই।**

